

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৩৩

সোনামুড়া, ১৯ সেপ্টেম্বর, ২০২৩

সিপাহীজলা জেলাভিত্তিক মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান-৫.০

বক্সনগরের মাণিক্যনগর কমিউনিটি হলে আজ সিপাহীজলা জেলাভিত্তিক মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান-৫.০ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের মাঙ্গলিক প্রদীপ প্রজ্জ্বলন করে সূচনা করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস (দত্ত)। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাণিক্যনগর গ্রামপঞ্চায়েতের প্রধান সঙ্গীতা দাস। উদ্বোধকের ভাষণে সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস (দত্ত) মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব ও সুস্থ কৈশোর অভিযানের গুরুত্বের কথা তুলে ধরেন। তিনি বলেন, স্বাস্থ্যই হল মানুষের মূল সম্পদ। সকলকে স্বাস্থ্যের প্রতি সচেতন হতে হবে। তাই কেন্দ্রীয় ও রাজ্য সরকার যৌথভাবে সাধারণ মানুষের স্বাস্থ্য সুরক্ষার বিভিন্ন প্রকল্পের ব্যবস্থা করছে। পাশাপাশি বর্তমান প্রজন্ম তথা ছাত্রছাত্রীদের শিক্ষা ক্ষেত্রে এগিয়ে নেওয়ার জন্য সরকার শিক্ষা ব্যবস্থাকে গুরুত্ব দিয়ে কাজ করছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক তফাজ্জল হোসেন, বক্সনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় সরকার। স্বাগত বক্তব্য রাখেন সিপাহীজলা জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. দেবশিস দাস। অনুষ্ঠানে এছাড়াও অতিথি হিসাবে সোনামুড়া মহকুমার মহকুমা শাসক মানিকলাল দাস, সিপাহীজলা জেলা শিক্ষা আধিকারিক মলয় ভৌমিক, জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা আধিকারিক উত্তম দাস এবং বক্সনগর ব্লকের বিডিও অনিমেষ দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে উদ্বোধনী সঙ্গীত ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন স্থানীয় শিল্পীরা।
